

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষক আলতাফ হোসেনকে হত্যার হুমকির ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ কমিটিকে আগামী তিন সপ্তাহের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস এম আব্দুল লতিফ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। এর আগে গত মঙ্গলবার অভিযুক্ত এম এম নাসিমুজ্জামানকে সহকারী প্রক্টরের পদ থেকে অব্যাহতি দিয়েছে প্রশাসন। তিনি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক। আলতাফ বিশ্ববিদ্যালয়টির আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক। বিজ্ঞপ্তিতে বলা হয়, কমিটিতে ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মামুনুর রহমানকে আহ্বায়ক এবং প্রক্টর অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেনকে সদস্যসচিব করা হয়েছে। কমিটির অন্য সদস্য হলেন আইন বিভাগের অধ্যাপক ড. রেবা মণ্ডল।